



## প্রেস-রিলিজ

### বরিশাল বিশ্ববিদ্যালয়ে আবহাওয়া ও জলবায়ু সম্পর্কিত প্রাকৃতিক দুর্যোগ বিষয়ে জনসচেতনতামূলক সেমিনার অনুষ্ঠিত

বরিশাল বিশ্ববিদ্যালয়, ১৬ জুলাই ২০২৩খ্রিঃ।

বরিশাল বিশ্ববিদ্যালয়ে আবহাওয়া ও জলবায়ু সম্পর্কিত প্রাকৃতিক দুর্যোগ বিষয়ে জনসচেতনতামূলক সেমিনার অনুষ্ঠিত হয়েছে। ১৬ জুলাই ২০২৩ তারিখ সকাল ১১ টায় বিশ্ববিদ্যালয়ের জীবনানন্দ দাশ কনফারেন্স হলে এ সেমিনারটি অনুষ্ঠিত হয়। বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর আয়োজিত এ সেমিনারে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বরিশাল বিশ্ববিদ্যালয়ে উপাচার্য প্রফেসর ড. মো. ছাদেকুল আরেফিন। এসময় প্রধান অতিথির বক্তব্যে উপাচার্য মহোদয় বলেন, জলবায়ু পরিবর্তন রোধে সকলকে সচেতন থাকতে হবে। ভৌগোলিকভাবে বাংলাদেশ একটি ঝুঁকিপূর্ণ এলাকা। এখানকার প্রাকৃতিক দুর্যোগ মোকাবেলা করা একটি বড় চ্যালেঞ্জ। এক্ষেত্রে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তরকে আধুনিক যন্ত্রপাতি স্থাপনের মাধ্যমে অধুনিকায়নের প্রচেষ্টা অব্যাহত রেখেছেন। যার ফলে আমরা এখন দুর্যোগের বিষয়ে সঠিক বার্তা আগাম জানতে পারছি এবং পরবর্তিতে করণীয় নির্ধারণ করতে পারছি। ফলে প্রাকৃতিক দুর্যোগের ক্ষয়ক্ষতি আগের তুলনায় অনেকাংশে কমে এসেছে। উপাচার্য মহোদয় আরও বলেন, শীঘ্রই বরিশাল বিশ্ববিদ্যালয়ের শিক্ষক ও শিক্ষার্থীদের গবেষণার সুবিধার্থে বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তরের সাথে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগের সাথে সমঝোতা স্মারক (MOU) স্বাক্ষরের উদ্যোগ গ্রহণ করা হবে। যাতে করে বিশ্ববিদ্যালয়ের শিক্ষক ও শিক্ষার্থীরা তাদের গবেষণা কার্য সুচারুরূপে সম্পাদন করতে পারেন। অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার অধ্যাপক ড. মোহাম্মদ বদরুজ্জামান ভূঁইয়া এবং বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তরের উপ-পরিচালক মহা: আছাদুর রহমান। পদার্থ বিজ্ঞান বিভাগের সহযোগী অধ্যাপক ড. রহিমা নাসরিনের সভাপতিত্বে অনুষ্ঠিত এ সেমিনারে প্রধান অলোচক ছিলেন বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তরের আবহাওয়াবিদ ড. মুহাম্মদ আবুল কালাম মল্লিক। এসময় বক্তারা জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে আবহাওয়া ও জলবায়ু বিষয়ে বিস্তারিত আলোচনা করেন। সেমিনারে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন অনুষদের ডিন, শিক্ষক সমিতির সভাপতি, সাধারণ সম্পাদক, বিভাগীয় প্রধান, বিভিন্ন হলের প্রাধ্যক্ষ, প্রক্টর, শিক্ষকমন্ডলী, শিক্ষার্থীবৃন্দসহ কর্মকর্তা ও কর্মচারীরা উপস্থিত ছিলেন। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন বিশ্ববিদ্যালয়ের ছাত্র-শিক্ষক কেন্দ্রের পরিচালক জ্যোতির্ময় বিশ্বাস।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

মোঃ জুয়েল মৃধা  
প্রশাসনিক কর্মকর্তা